সভাপতি ফাহিম, সম্পাদক নিরব

মেহেরপুর মেডিকেল অ্যান্ড ডেন্টাল স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের ২০২৬-২০২৭ বর্ষের নতুন কমিটি গঠন করা হয়েছে। জেলার বিভিন্ন মেডিকেল ও ডেন্টাল কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের সম্মিলিত উদ্যোগে এ কমিটি গঠিত হয়।

শহরের সেভেন সেন্স রেস্টুরেন্টে অনুষ্ঠিত এক সভায় নতুন কমিটি গঠনের কার্যক্রম শুরু হয়। সভায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজের শিক্ষার্থী ফয়সাল মাহমুদ ফাহিম এবং রাজশাহী মেডিকেল কলেজের শিক্ষার্থী জাবেদ বিন আলম নিরব সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএমএ’র সভাপতি ডা. আব্দুস সালাম, ডা. মাহফুজুর রহমান রতন, ডা. খায়রুজ্জামান পিনু, ডা. শাদমান সাকিব নাহিদ, ডা. আব্দুল্লাহ আল মারুফ, ডা. মাহবুবুর রহমান ও ডা. জান্নাতুন নাঈম সজীব।

বিএমএ মেহেরপুর জেলা শাখার সভাপতি ডা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক ডা. ওবায়দুল ইসলাম, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ডা. শাহরিয়ার মাহমুদ রিজভী এবং প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ডা. হাবিবুর রহমান নয়নের স্বাক্ষরে ২১ সদস্যবিশিষ্ট কমিটি অনুমোদন ও ঘোষণা করা হয়।

কমিটিতে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজের শিক্ষার্থী ফয়সাল মাহমুদ ফাহিমকে সভাপতি এবং রাজশাহী মেডিকেল কলেজের শিক্ষার্থী জাবেদ বিন আলম নিরবকে সাধারণ সম্পাদক করা হয়েছে।

এছাড়া মো. রেদওয়ান সেখ রিফাত, তন্নী খাতুন ও সিনিয়া ইসলাম নেহাকে সহ-সভাপতি, রেজানুর রহমান রেজা ও সুমাইয়া আক্তার উর্মীকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং আসাদুজ্জামান হাসিবকে কোষাধ্যক্ষ করা হয়েছে।

সংগঠনটি জেলার মেডিকেল ও ডেন্টাল শিক্ষার্থীদের একটি অভিন্ন প্ল্যাটফর্মে যুক্ত করে তাদের পেশাগত উৎকর্ষ সাধন, পারস্পরিক সহযোগিতা এবং বিভিন্ন সামাজিক ও মানবিক কর্মকাণ্ডে একসঙ্গে কাজ করার লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করে আসছে।

মুজিবনগরে ‘সুজন’ এর উপজেলা কমিটি গঠন ও আলোচনা সভা

মুজিবনগরে সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর উপজেলা কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা সাবদার আলী। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সুজনের সাধারণ সম্পাদক মুজাহিদ মুন্না ও অর্থ সম্পাদক সাইদুর রহমান।

এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বর্ষীয়ান শিক্ষক মোয়াজ্জেম হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও সাবেক চেয়ারম্যান আব্দুল লতিফ মোল্লা, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোকাদ্দেস হোসেন ও রোকসানা খাতুন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবুল কালাম আজাদ, শিক্ষক মোহাব্বত আলী, শিক্ষক আবদুল আলিম, আমিন ডায়াগনস্টিক সেন্টারের স্বত্বাধিকারী ডা. গোলাম মোস্তফা, সমাজকর্মী ও রাজনীতিবিদ মাহফুজুর রহমান গোলাম, আব্দুর রাজ্জাক, এনজিও ব্যক্তিত্ব বুলবুল আহমেদ, নারী প্ল্যাটফর্মের সদস্য নাজমা খাতুন, অবসরপ্রাপ্ত সেনা সদস্য সেলিম গাজী, ক্রীড়া ব্যক্তিত্ব শামীম শিশির, এজি চার্চ মণ্ডলির সদস্য ডেভিড, ডনসন মণ্ডল, তন্ময় মণ্ডল এবং ইউপি সদস্য সিরাজুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

আলোচনা সভায় বক্তারা রাষ্ট্রের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, স্বচ্ছ নির্বাচন ব্যবস্থা প্রতিষ্ঠা এবং উপজেলার উন্নয়নে সকলের অংশীদারিত্ব নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তারা সুশাসন প্রতিষ্ঠায় নাগরিক সমাজের সক্রিয় ভূমিকার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন।

পরে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে মুজিবনগর উপজেলা সুজনের সভাপতি হিসেবে ওয়াজেদ আলী খাঁন এবং সাধারণ সম্পাদক হিসেবে সানোয়ার হোসেন ডালিম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

নবনির্বাচিত সভাপতি ওয়াজেদ আলী খাঁন আগামী এক মাসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের অঙ্গীকার ব্যক্ত করেন।

গাংনী কেন্দ্রীয় ঈদগাহে ১৫ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন

মেহেরপুরের গাংনী কেন্দ্রীয় ঈদগাহের নতুন কমিটি গঠন করা হয়েছে। আজ সোমবার গাংনী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এক সভার মাধ্যমে সর্বসম্মতিক্রমে ১৫ সদস্য বিশিষ্ট এই কমিটি আগামী তিন বছরের জন্য অনুমোদন দেওয়া হয়।

নবগঠিত কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা: মোঃ রবিউল ইসলাম। সহ-সভাপতি মোঃ সালাউদ্দিন শাওন ও প্রফেসর মোঃ বেদারুল আলম। সাধারণ সম্পাদক মোঃ বশির আহমেদ। সহ-সাধারণ সম্পাদক দায়িত্ব মাহবাবুল বারী সাজু ও মোঃ বজলুর রহমান। সাংগঠনিক সম্পাদক ইয়ামিন আলী বাবলু, দপ্তর সম্পাদক প্রফেসর মহিবুর রহমান মিন্টু এবং কোষাধ্যক্ষ মোঃ মঞ্জুরুল ইসলাম।

এছাড়াও সদস্য হিসেবে রয়েছেন—ইলিয়াস হোসেন, আলী আজগর, ছাদ আলী, আ: হান্নান, ইউনুস আলী ও মাহবুল হক। সভায় উপস্থিত বক্তারা বলেন, গাংনী কেন্দ্রীয় ঈদগাহ ময়দান এলাকার ধর্মীয় কার্যক্রম, ঈদ জামাতের সুষ্ঠু আয়োজন এবং সার্বিক উন্নয়নে নবগঠিত কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তারা আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বের মাধ্যমে ঈদগাহের অবকাঠামোগত উন্নয়ন ও শৃঙ্খলা বজায় রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।

কমিটির সভাপতি মোঃ রবিউল ইসলাম বলেন, “সকলের সহযোগিতায় গাংনী কেন্দ্রীয় ঈদগাহকে একটি আদর্শ ধর্মীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলাই আমাদের লক্ষ্য।”

উল্লেখ্য, ১৫ সদস্য বিশিষ্ট এই কমিটি আগামী তিন বছর দায়িত্ব পালন করবে।

আহ্বায়ক কামরুল হাসান, সদস্য সচিব আলমগীর হোসেন

বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপির মেহেরপুর জেলা আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন মোঃ কামরুল হাসান, মোঃ আলমগীর হোসেন সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন।

বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের অনুমোদনে এই আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে আহসান হাবিব, মোস্তফা কামাল ও মোঃ আক্তারুজ্জামান দায়িত্ব পালন করবেন।

যুগ্ম আহ্বায়ক হিসেবে মোঃ হাসাদুল ইসলাম, মোঃ হেলাল উদ্দিন, মোঃ জিয়ারুল ইসলাম এবং যুগ্ম সদস্য সচিব হিসেবে মোঃ জাহিদুল ইসলাম, মোঃ সাহাব্বত হোসেন, মোঃ শাহিন হোসেন দায়িত্ব পালন করবেন।

এছাড়াও সদস্য পদে দায়িত্ব পালন করবেন মোঃ আসলাম উদ্দিন, আবু হোসেন সাইদ, শ্রী বিক্রম কুমার দাস, মোঃ রাশেদ আলী, মোঃ কাদের গনি, মোঃ রফিকুল ইসলাম, মোঃ সাদমান সাকিব, মোঃ ফারদিন হোসেন, মোঃ জিহাদ ও মোঃ হুরাইরা।

বাংলাদেশ জাতীয় পার্টির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের উপস্থিতিতে মেহেরপুর জেলা কমিটি স্বাক্ষরিত হয়। ২১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি দায়িত্ব পালন করবেন।

গাংনীতে আইবিডব্লিউএফ’র ব্যবসায়ী সম্মেলন ও কমিটি গঠন

মেহেরপুরের ইন্ডাস্ট্রিয়ালিস্টস বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) এর গাংনী উপজেলা ও পৌর শাখার দ্বিবার্ষিক ব্যবসায়ী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন শেষে গাংনী উপজেলা ও পৌর শাখার দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

আজ শনিবার সকালে গাংনী আলেয়া মাদ্রাসা হলরুমে এ সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

পেশাজীবী সংগঠন আদর্শ শিক্ষক পরিষদের গাংনী উপজেলা শাখার সভাপতি মাওলানা আবুল হাসেমের সভাপতিত্বে অনুষ্ঠিত দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ’র যশোর ও কুষ্টিয়া জোনের পরিচালক আব্দুল মতিন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতের আমির ও জামায়াত মনোনীত মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান, মেহেরপুর-২ আসনের প্রার্থী ও জেলা জামায়াতের শূরা সদস্য নাজমুল হুদা, পেশাজীবী সংগঠনের মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল আমিন ইসলাম বকুল এবং আইবিডব্লিউএফ’র জেলা শাখার সভাপতি খালিদ সাইফুল্লাহ প্রমুখ।

সম্মেলন শেষে ফকির মোহাম্মদকে সভাপতি ও হাসান সাঈদ সরোয়ারকে সাধারণ সম্পাদক করে গাংনী উপজেলা কমিটি এবং মনিরুল ইসলামকে সভাপতি ও আবদুস সালামকে সম্পাদক করে পৌর শাখার আইবিডব্লিউএফ কমিটি গঠন করা হয়।

এ সময় গাংনী উপজেলা ও পৌর এলাকার প্রায় দেড় শতাধিক ব্যবসায়ী সম্মেলনে উপস্থিত ছিলেন।

কমিটি গঠন কেন অবৈধ না কারণ দর্শাতে আদালতের নোটিশ

মেহেরপুরে বিএনপি দলীয় গঠনতন্ত্র অনুসরণ না করে কমিটি গঠনের অভিযোগে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের কমিটি গঠনে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত।

রবিবার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের বিএনপির ৩ নেতা জাহাঙ্গীর আলম, শাহদুল করিম, ছানোয়ার হোসেন বাদী হয়ে মামলা করলে মঙ্গলবার বিকালে শুনানি শেষে মেহেরপুরের সিনিয়র সহকারী জজ–২ আদালতের বিচারক মো: মাসুদ রানা এ আদেশ দেন।

একই সঙ্গে দলের গঠনতন্ত্র না মেনে কমিটি নির্বাচন করাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না, তার কারণ দর্শাতে ৯ জন বিবাদীকে ৫ কর্মদিবস সময় বেঁধে দেন।

কারণ দর্শানোর জন্য আদালত যে সকল বিবাদীকে সময় বেঁধে দিয়েছেন, তারা হলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়নে সভাপতি পদে বিজয়ী ঘোষিত মো: ফজলুল হক, সাধারণ সম্পাদক পদে বিজয়ী ঘোষিত মো: মমিনুল ইসলাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন কাউন্সিল নির্বাচন–২০২৫ এর প্রধান নির্বাচন কমিশনার মো: আব্দুস সালাম, নির্বাচন কমিশনার মো: জুলফিকার আলী এবং অ্যাডভোকেট আরিফুজ্জামান।

জানা গেছে, অনিয়মতান্ত্রিকভাবে এবং সংগঠনের গঠনতন্ত্র অনুসরণ না করে অবৈধভাবে কমিটি গঠনের অভিযোগে বাদীরা ৯ জনকে বিবাদী করে মেহেরপুর সিনিয়র সহকারী জজ–২ আদালতে একটি মামলার আবেদন করেন। মামলা নম্বর: ৭১/২৫।

মঙ্গলবার (২০ মে) বিকাল সাড়ে চারটার সময় মামলাটির শুনানি অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কয়েকজন সিনিয়র আইনজীবী এই শুনানিতে অংশ নেন।

মেহেরপুর জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর এএসএম সাইদুর রাজ্জাক এবং মামলাটিতে বাদী পক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো: মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

অ্যাডভোকেট মো: মিজানুর রহমান বলেন, বিএনপির গঠনতন্ত্রের ৬ অনুচ্ছেদের “খ” ধারা লঙ্ঘন করে দলীয় কমিটি গঠনের অপচেষ্টা করা হচ্ছে। আহ্বায়ক কমিটির নেতাদের ক্ষমতার অপব্যবহার এবং কাউন্সিলের বিধি-বিধান উপেক্ষা করে নিজেদের পছন্দের লোকদের নিয়ে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দলকে আওয়ামী লীগ পুনর্বাসন কেন্দ্র বানানোর চেষ্টা করা হচ্ছে। আদালত বাদী পক্ষের অভিযোগের সত্যতা পেয়ে বিজ্ঞ আদালত এ নির্দেশনা দিয়েছেন।

এ বিষয়ে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান বলেন, আমরা আদালতের আদেশের কথা শুনেছি, তবে কাগজ পাইনি। আইনি প্রক্রিয়ার মাধ্যমে আদালতে কারণ দর্শানো হবে।

মেহেরপুরে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জেলা কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের নিয়ে অ্যালামনাই অ্যাসোসিয়েশন, মেহেরপুর এর পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গাংনীর ধানসিঁড়ি রিসোর্ট অ্যান্ড রেস্টুরেন্টে অনুষ্ঠিত সংগঠনের বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে এ কমিটি গঠন করা হয়।

মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেনকে কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়েছে।

সিনিয়র সহ-সভাপতি হিসেবে নির্বাচিত হন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান ও নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন।

এছাড়াও যুগ্ম সাধারণ সম্পাদক পদে মোঃ সাইফুল ইসলাম ও জি এম জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ পদে নুরুজ্জামান আল নাহিয়ান, সাংগঠনিক সম্পাদক (গাংনী) মোঃ হোসেন আলী, সাংগঠনিক সম্পাদক

(মুজিবনগর) মোঃ হাসনাইন জাহিদ, সাংগঠনিক সম্পাদক (সদর) মোঃ কাজী আবুল মনসুর, দপ্তর সম্পাদক মোঃ আনিছুর রহমান, শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন সম্পাদক মোঃ আশরাফুল ইসলাম, ধর্ম ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক – মোঃ আহাদ আলী, ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ আনোয়ারুল ইসলাম, নারী বিষয়ক সম্পাদক সানজিদা ফেরদৌস, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিষয়ক সম্পাদক মোঃ বজলুল হুদাকে নির্বাচিত করা হয়।

কার্যনির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন মোঃ আইয়ুব হোসেন রানা, মোঃ ওয়ালী উল্লাহ, মোঃ জুলফিকার আলী, মোঃ মাহমুদ হোসেন ও কুমকুম হাবিব।

মেহেরপুরে কেমিস্টস ও ড্রাগিষ্টিদের কার্যনির্বাহী কমিটি গঠন

বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিষ্ট সমিতি মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটিতে সভাপতি হিসেবে মোঃ আব্দুল লতিফ এবং সিনিয়র সহ-সভাপতি হিসেবে মোঃ নাজমুল হুদা নির্বাচিত হয়েছেন।

গতকাল বুধবার দুপুর ১ টার দিকে শহরের শর্মা ফুড প্লাজায় বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিষ্ট সমিতি মেহেরপুর জেলা শাখা আয়োজিত এক আলোচনা সভায় এই কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

কেন্দ্রীয় পরিচালক মো. রকিবুল আলম (টুকু), মো. আখতারুজ্জামান ও মোঃ দ্বীন আলী এই কমিটির অনুমোদন দেন। কমিটিতে সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন মোঃ রফিকুল হাসান (রণ) ও মোঃ কাজী খয়রুদ্দীন আহাম্মেদ।

এছাড়াও নির্বাহী সদস্য হিসেবে মোঃ মতিউর ইসলাম, মোঃ রিনু, মোঃ

বাবর আলী, মোঃ সাইফুল ইসলাম, মোঃ আমিরুল ইসলাম (সেন্টু), মোঃ আসিফ আল মোনায়েম, মোঃ জালাল উদ্দিন, মোঃ সেলিম খান, মোঃ বেনজির আহমেদ, মোঃ আব্দুস সালাম, মোঃ শফিকুল ইসলাম বাবু, মোঃ শহিদুল ইসলাম, মোঃ এস এম খায়রুল দায়িত্ব পালন করবেন।